গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
নৈতিকতা ও ধর্মীয় মূল্যবোধ উন্নয়নে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম
ইসলামিক ফাউন্ডেশন
লালমনিরহাট জেলা কার্যালয়।

স্মারক নং: ১৬.০১.৫২০০.০২২.১৬.০০২.২৫./৬০৬ তারিখ: ২০ আগস্ট ২০২৬খ্রি:

বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি পূর্বে লালমনিরহাট জেলার হাতীবান্ধা উপজেলায় মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের ফিল্ড সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালনকালে অফিস পরিচালনার ক্ষেত্রে নিম্নবর্ণিত অনিয়মসমুহ করেছেন বলে প্রাথমিকভাবে প্রতীয়মান হয়েছে।

১। হাতীবান্ধা উপজেলায় মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা প্রকল্পের মডেল রিসোর্স সেন্টারের বিদ্যুৎ বিল পরিশোধের জন্য অর্থ বরাদ্দ থাকা সত্ত্বেও আপনি দায়িত্বে থাকাকালীন নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেননি। ফলে ডিসেম্বর/২০২৫ পর্যন্ত ৩৮,২০৫/- টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। যা অদ্যাবধি পরিশোধ করা হয়নি মর্মে জানা যায়। উল্লেখ্য হাতীবান্ধা উপজেলার মডেল রিসোর্স সেন্টারটি উপজেলা মডেল মসজিদে স্থানান্তরিত হলেও বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ না করায় বৈদ্যুতিক মিটারটি বন্ধ করা যাচ্ছে না। সরকারি এই বিল পরিশোধে ভবিষ্যতে জটিলতা সৃষ্টি হবে যা অনাকাঙ্খিত।

২। একই ভাবে অফিসের টেলিফোন বিল পরিশোধের জন্য প্রকল্প দপ্তর হতে বরাদ্দ থাকা সত্ত্বেও আপনি হাতীবান্ধা উপজেলায় দায়িত্বে থাকাকালীন টেলিফোন বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেননি। ফলে ডিসেম্বর/২০২৫ পর্যন্ত ১৫,৪৮৭/- টাকা টেলিফোন বিল বকেয়া রয়েছে। যা অদ্যাবধি পরিশোধ করা হয়নি মর্মে জানা যায়। সরকারি এই বিল পরিশোধে ভবিষ্যতে জটিলতা সৃষ্টি হবে যা অনাকাঙ্খিত।

৩। ইমাম মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্ট হতে ইমামদের মধ্যে ঋণ বিতরণ কার্যক্রমের আওতায় হাতীবান্ধা উপজেলার ইমাম জনাব মো: আবু বকর সিদ্দিক আপনার নিকট ৬,০০০/- টাকা পরিশোধ করলেও উক্ত অর্থ যথাসময়ে অফিসের সংশ্লিষ্ট হিসাবে জমা না দিয়ে প্রায় ০১ বছর পর অফিসে জমা প্রদান করেছেন। আরো অনেকে আপনার কাছে টাকা জমা দেওয়ার দাবি করলেও সে টাকা এখানো জমা হয়নি। সরকারি অর্থ গ্রহণের পর তা যথাসময়ে সংশ্লিষ্ট হিসাবে জমা না দেওয়ায় বিষয়টি গুরুতর দায়িত্বে অবহেলার শামিল বলে প্রতীয়মান হয়।

৪। আপনার বিরুদ্ধে মডেল মসজিদের দানবাক্সের টাকা সংশ্লিষ্ট হিসাবে জমাদানের ক্ষেত্রে বিলম্ব ও গড়মিলের অভিযোগ পাওয়া যায়। প্রকল্পের কেয়ার-টেকার, শিক্ষক নিয়োগে আর্থিক লেনদেন ছাড়াও শিক্ষক কেয়ার-টেকারদের সাথে বিভিন্ন সময় আপনার বিরুদ্ধে আর্থিক লেনদেনের অভিযোগ রয়েছে।

৫। আপনি বর্তমানে পাটগ্রাম উপজেলায় কর্মরত আছেন। পাটগ্রাম উপজেলা মডেল মসজিদের গেস্টরুমে অবস্থানের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমতি না থাকা সত্ত্বেও আপনি নিয়মিতভাবে উক্ত গেস্টরুম ব্যবহার/ অবস্থান করেছেন বলে জানা যায়। কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত অফিসের গেস্টরুম ব্যবহার করা অফিসের প্রচলিত বিধি-বিধান ও শৃঙ্খলার পরিপন্থী বলে প্রতীয়মান হয়।

এমতাবস্থায় উপরোক্ত অনিয়মসমুহের বিষয়ে আপনার বিরুদ্ধে প্রকল্পের নীতিমালা মোতাবেক কেন ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব (যদি থাকে) পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে উপ-পরিচালক,ইসলামিক ফাউন্ডেশন, লালমনিরহাট বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

20.08.26
(রেজাউর করিম)
উপ-পরিচালক
ইসলামি ফাউন্ডেশন
লালমনিরহাট।

মো: আমজাদ হোসেন
ফিল্ড সুপারভাইজার
পাটগ্রাম, লালমনিরহাট।

অনুলিপি
১। প্রকল্প পরিচালক, নৈতিকতা ও ধর্মীয় মূল্যবোধ উন্নয়নে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কাযক্রম প্রকল্প,ইসলামিক ফাউন্ডেশন।
২। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রংপুর বিভাগীয় কার্যালয়।
৩। সংশ্লিষ্ট নথি।